# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৪৯]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৯১: সালাম ফিরানোর পর তাসবীহের সংখ্যা

## عدد التسبيح بعد التسليم

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَبِيبِ بْنِ عَرَبِيٍّ، قَالَ: حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَلَّتَانِ لَا يُحْصِيهِمَا رَجُلٌ مُسْلِمٌ إِلَّا دَخَلَ الْجَنَّةَ وَهُمَا يَسِيرٌ، وَمَنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الصَّلَوَاتُ الْخَمْسُ يُسَبِّحُ أَحَدُكُمْ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ عَشْرًا وَيَحْمَدُ عَشْرًا وَيُكَبِّرُ عَشْرًا، فَهِيَ خَمْسُونَ وَمِائَةٌ فِي اللِّسَانِ، وَأَلْفٌ وَخَمْسُ مِائَةٍ فِي الْمِيزَانِ وَأَنَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْقِدُهُنَّ بِيَدِهِ، وَإِذَا أَوَى أَحَدُكُمْ إِلَى فِرَاشِهِ أَوْ مَضْجَعِهِ سَبَّحَ ثَلَاثًا وَثَلَاثِينَ وَحَمِدَ ثَلَاثًا وَثَلَاثِينَ وَكَبَّرَ أَرْبَعًا وَثَلَاثِينَ، فَهِيَ مِائَةٌ عَلَى اللِّسَانِ وَأَلْفٌ فِي الْمِيزَانِ ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَأَيُّكُمْ يَعْمَلُ فِي كُلِّ يَوْمٍ وَلَيْلَةٍ أَلْفَيْنِ وَخَمْسَ مِائَةِ سَيِّئَةٍ ، قِيلَ: يَا رَسُولَ اللَّهِ، وَكَيْفَ لَا نُحْصِيهِمَا ؟ فَقَالَ: إِنَّ الشَّيْطَانَ يَأْتِي أَحَدَكُمْ وَهُوَ فِي صَلَاتِهِ، فَيَقُولُ: اذْكُرْ كَذَا، اذْكُرْ كَذَا، وَيَأْتِيهِ عِنْدَ مَنَامِهِ فَيُنِيمُهُ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الأدب ۱۰۹ (۵۰٦۵)، سنن الترمذی/الدعوات ۲۵ (۳۴۱۰)، سنن ابن ماجہ/الإقامة ۳۲ (۹۲٦)، (تحفة الأشراف: ۸٦۳۸)، مسند احمد ۲/۱٦۰، ۲۰۴، ۲۰۵ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1349 - صحيح

বাংলা

১৩৪৮. ইয়াহইয়া ইবনু হাবীব ইবনু 'আরাবী (রহ.) ..... 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: দু'টি অভ্যাস এমন রয়েছে যে, কোন মুসলিম ঐ দু'টি অভ্যাসে অভ্যস্ত হলে সে জান্নাতে প্রবেশ করবে। ঐ দু'টি অভ্যাস সহজ অথচ তার 'আমালকারী হবে খুবই অল্প। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বললেন, পাঁচ ওয়াক্ত সালাতে তোমাদের কেউ যদি প্রত্যেক সালাতের পর দশবার তাসবীহ (সুবহা-নাল্ল-হ) পড়ে, দশবার (আলহামদুলিল্লা-হ) পড়ে, আর দশবার (আল্ল-হু আকবার) বলে, তাহলে একশত পঞ্চাশ বার মুখে বলা হয় আর তা পাল্লায় হবে এক হাজার পাঁচশত বার। আর আমি রাসূলুল্লাহ (সা.)-কে দেখেছি যে, তিনি তা অঙ্গুলি দ্বারা হিসাব করেছেন। আর যখন তোমাদের কেউ তার বিছানায় অথবা শয়নের জায়গায় আসে আর, সে সুবহা-নাল্ল-হ' ৩৩ বার, আলহামদুলিল্লাহ' ৩৩ বার আর 'আল্ল-হু আকবার' ৩৪ বার বলে। এ তো মুখে বলা হবে একশতবার, আর পাল্লায় হবে এক হাজার বার। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমাদের মাঝে কে প্রত্যেক দিন রাতে দু' হাজার পাঁচশত গুনাহ করে? কেউ বলল, হে আল্লাহর রসূল! আমরা কেন তা গণনা করবো না? তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, শয়তন তোমাদের কারো কাছে এসে তার সালাতরত অবস্থায় বলতে থাকে, অমুক কাজ স্মরণ কর, অমুক কাজ স্মরণ কর আর তার নিদ্রার সময় তার কাছে এসে তাকে ঘুম পাড়িয়ে দেয়।

## English

91. The Number Of Tasbihs After The Taslim

It was narrated that Abdullah in 'Umar said: The Messenger of Allah (ﷺ) said: 'There are two qualities which no Muslim person attains but he will enter Paradise, and they are easy, but those who do them are few.' The Messenger of Allah (ﷺ) said: 'The five daily prayers: After each prayer one of you glorifies Allah (SWT) ten times and praises Him ten times and magnifies him ten times, which makes one hundred and fifty on the tongue and one thousand five hundred in the balance.' And I saw the Messenger of Allah (ﷺ) counting them on his hands. 'And when one of you retires to his bed he says the tasbih thirty-three times and the tahmid thirty-three times and the takbir thirty-four times, that is one hundred on the tongue and one thousand in the balance.' The Messenger of Allah (ﷺ) said: So which of you does two thousand five hundred bad deeds in a day and a night? It was said: O Messenger of Allah (ﷺ), how can a person not persist in doing that? He said: The Shaitan comes to one of you when he is praying and says: 'Remember such and such, remember such and such, or he comes to him when he is in bed and makes him fall asleep.

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৫০৬৫, তিরমিযীর "দা'ওয়াত" ৩৪১০, ইবনু মাজাহ ৯২৬, বুখারী'র আদাবুল মুফরাদ" ১২১৬

মুসনাদে হুমায়দী ৬৪৯৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87742

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন